

ঢাবিতে ছাত্রলীগের মারধরে ছাত্র ইউনিয়নের ৪ জন আহত

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ১৫:৩৫, ১৪ ডিসেম্বর ২০২৩



আহত ছাত্র ইউনিয়নের নেতাকর্মীরা।

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় ছাত্রলীগের মারধরে ছাত্র ইউনিয়নের ঢাবি সভাপতি, সম্পাদকসহ ৪ জন আহত হয়েছেন বলে অভিযোগ করা হয়েছে। আহতদেরতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। বৃহস্পতিবার (১৪ ডিসেম্বর) দুপুর দেড়টার দিকে এই ঘটনা ঘটে।

UNIBOTS

আহতরা হলেন- ঢাবি ছাত্র ইউনিয়নের সভাপতি মেঘমল্লার বসু (২৭), সাধারণ সম্পাদক মাইন আহমেদ (২৫), ঢাকা মহানগর সহসাধারণ সম্পাদক তাজমির তাজওয়ার শুভ্র (২৬) ও বেসরকারি বিশ্ববিদ্যালয় সংসদের সদস্য শাহরিয়ার শিহাব (২৩)।

আরও পড়ুন : ওটাগো বিশ্ববিদ্যালয়ের প্রফেসর হলেন বাংলাদেশি শ্যামল দাস

আহতরা ও তাদের সংগঠনের নেতাকর্মীরা জানান, গত মঙ্গলবার সন্ধ্যায় গণতান্ত্রিক ছাত্র জোটের মশাল মিছিলে টিএসসি এলাকায় ঢাবি ছাত্রলীগের নেতাকর্মীরা হামলা চালায়। সেদিনের ঘটনায় বেশ কয়েকজন আহত হন। আজ তাদের নেতাকর্মীরা টিএসসিতে বসে চাপান করছিলেন। এরপর যে যার মত রিকশাযোগে চলে যাওয়ার সময় মেঘমল্লার বসু ও শুভ্রকে শাহবাগ এলাকায় পথরোধ করে মোটরসাইকেল আরোহী ঢাবি ছাত্রলীগের কয়েকজন বেসরকারি মারধর করে। আর মাস্টিন আহমেদকে টিএসসি এলাকাতে আর শিহাবকে ভিসি চত্বর এলাকাতে একই কায়দায় মারধর করে।

আহত অবস্থায় তারা প্রথমে পিজি হাসপাতালে গিয়ে চিকিৎসা নেন। এরপর সেখান থেকে ঢাকা মেডিকেল আসেন।

চিকিৎসকের বরাত দিয়ে ঢামেক হাসপাতাল পুলিশ ক্যাম্পের ইনচার্জ মো. বাচ্চু মিয়া জানান, মেঘমল্লারের বাম চোখে আঘাত রয়েছে। এছাড়া, সবার শরীরেই নীলাফালে যখম রয়েছে। তাদেরকে জরুরি বিভাগে চিকিৎসা দেওয়া হচ্ছে।

এম হাসান